বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
**website: www.ugc.gov.bd**

স্মারক নং : ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২১

তারিখঃ ০৩ আষাঢ় ১৪৩২
১৭ জুন ২০২৫

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে মৌলিক গবেষণাকর্মে সহায়তা প্রদানের জন্য দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে **অনলাইনে নির্ধারিত ফরমে** গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান করা যাচ্ছে :

(ক) আবেদনকারীকে অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে হবে;

(খ) অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক এবং শুধুমাত্র পিএইচডি ডিগ্রিধারী প্রভাষকগণ আবেদন করতে পারবেন;

(গ) আবেদনকারীর অধীনে কমিশনের অর্থায়নে বর্তমানে কোনো প্রকল্প চলমান থাকলে তা সমাপ্ত না হওয়া পর্যন্ত আবেদন করার সুযোগ নেই;

(ঘ) একজন প্রধান গবেষক একই অর্থ-বছরে একাধিক ক্যাটাগরিতে প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন না;

(ঙ) গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে কমিশন কর্তৃক আরোপিত সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;

(চ) কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা/প্রশাসন শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা এবং বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;

(ছ) প্রকল্প প্রস্তাব অবশ্যই অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে দাখিল ব্যতিত কোন প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না;

(জ) অনলাইনে সরাসরি https://ugc-research-management.bdren.net.bd লিংক থেকে প্রকল্প প্রস্তাব দাখিল করা যাবে;

(ঝ) উপরোক্ত লিংক এবং প্রকল্প প্রস্তাব দাখিল সংক্রান্ত শর্তাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এ "গবেষণা প্রকল্প/ গবেষণা সহায়তা মঞ্জুরী (গবেষণা প্রকল্প)" ও "অনলাইনে আবেদন (গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল)" বিষয়ক দুটি সেবা বক্সে পাওয়া যাবে;

(ঞ) যথাযথভাবে অনলাইনে দাখিলকৃত প্রকল্প প্রস্তাবের ৪ (চার) সেট প্রিন্ট কপি (হার্ড কপি)-যার মধ্যে গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যতীত ০৩ (তিন) সেট এবং গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম, ঠিকানা ও যথাযথ প্রত্যয়ন/সুপারিশসহ পূর্ণাঙ্গ ০১ (এক) সেট (দুটি প্রিন্ট অপশন অনলাইনে বিদ্যমান) রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ১৬-০৭-২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;

(ট) অসম্পূর্ণ কিংবা অপূর্ণাঙ্গ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৭-০৬-২০২৫
ড. দূর্গা রানী সরকার
পরিচালক (অঃ দাঃ)
ফোন- ০২৫৮১৬০২২৪

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৮৫৮৪৯ - ৩১ তারিখ: ৪/৩ /১৪৩২ বঙ্গাব্দ
১৮/৬ /২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট প্রতিলিপি প্রেরণ করা হলো :-**